অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/3/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) হেট ক্রাইম এবং টেরোরিজমের ঝুঁকিতে থাকা অর্গানাইজেশনের সুরক্ষা ও নিরাপত্তা বাড়াতে রেকর্ড পরিমাণ তহবিল ঘোষণা করলেন

***Securing Communities Against Hate Crimes* প্রোগ্রামের মাধ্যমে স্টেটের প্রায় 63.9 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ পুরো স্টেটের 336টি কমিউনিটিভিত্তিক অর্গানাইজেশনের প্রোজেক্টকে তহবিল দিবে**

গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের অধীনে, প্রোগ্রামের তহবিলের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বেড়েছে; 2021 সাল থেকে স্টেট 131 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দিয়েছে

বাড়তি 44.8 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল পুরো স্টেটের 223টি ননপ্রফিট অর্গানাইজেশনকে ফ্যাসিলিটির নিরাপত্তা এবং সার্বিক প্রস্তুতি জোরদার করতে সাহায্য করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিজেদের আদর্শ, বিশ্বাস, বা মিশনের কারণে হেট ক্রাইম বা আক্রমণের ঝুঁকিতে থাকা ননপ্রফিট, কমিউনিটিভিত্তিক অর্গানাইজেশনের সুরক্ষা ও নিরাপত্তা জোরদার করতে প্রায় 63.9 মিলিয়ন মার্কিন ডলারের একটি রেকর্ড পরিমাণ স্টেট বিনিয়োগের ঘোষণা দিয়েছেন। স্টেটের Securing Communities Against Hate Crimes প্রোগ্রামের মাধ্যমে দেওয়া এই তহবিলটি পুরো স্টেটের 336টি অর্গানাইজেশন অভ্যন্তরীণ এবং বাহ্যিক প্রোজেক্টকে সমর্থন করবে এবং সাইবারসিকিউরিটি উন্নত করবে। গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের অধীনে, প্রোগ্রামের তহবিলের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বেড়েছে: আজকে ঘোষিত তহবিলের ফলে নিউ ইয়র্ক স্টেট 2021 সাল থেকে মোট 131.5 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দিয়েছে।

এছাড়াও গভর্নর সন্ত্রাসী বা অন্য চরমপন্থী হামলার বাড়তে থাকা ঝুঁকির মুখোমুখি হওয়া 223টি ননপ্রফিট অর্গানাইজেশনকে তাদের ফ্যাসিলিটির নিরাপত্তা জোরদার করা এবং একই সাথে তাদের সার্বিক প্রস্তুতি বাড়ানোর চেষ্টায় সাহায্য করার জন্য 44.8 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল দেওয়ার কথা তুলে ধরেছেন। ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) Nonprofit Security Grant প্রোগ্রামের মাধ্যমে দেওয়া এই তহবিলটি দুইটি আলাদা অ্যাওয়ার্ডের মাধ্যমে নিউ ইয়র্ককে দেওয়া হবে - নিউ ইয়র্ক সিটি মেট্রো এলাকার (New York City Metro Area) মধ্যে অবস্থিত অর্গানাইজেশনের

জন্য 36 মিলিয়ন ডলার এবং স্টেটের বাকি অংশের অর্গানাইজেশনের জন্য 8.8 মিলিয়ন ডলার। দ্য নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (New York State Division of Homeland Security and Emergency Services) স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে ঘনিষ্ঠ সমন্বয়ে এই প্রোগ্রাম পরিচালনা করে।

"নিউ ইয়র্কবাসীরা একে অন্যের থেকে যতই আলাদা হোক, তাদের সকলেই নিরাপদ, স্বীকৃত এবং সমর্থিত বোধ করবে এমন একটি স্থান তৈরি করা আমার শীর্ষ অগ্রাধিকারগুলির একটি, এবং তা করার জন্য সম্ভাব্য সবকিছু ব্যবহার করার ব্যাপারে আমি অঙ্গীকার করেছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ডেটা খুবই স্পষ্ট: 2021 সালে আমি দায়িত্ব নেওয়ার পর থেকে নিউ ইয়র্ক আরো নিরাপদ হয়েছে, কিন্তু আমাদের কমিউনিটিতে ঘৃণা বন্ধ করতে ও ভায়োলেন্স ঠেকানোর জন্য আরো অনেক কিছু করতে হবে। নতুন এই বিনিয়োগের মাধ্যমে আমরা কমিউনিটির অর্গানাইজেশনগুলিকে এমন রিসোর্স দিচ্ছি যা নিজেদের রক্ষা করার জন্য এবং একটি নিরাপদ পরিবেশে সেবা দেওয়ার জন্য তাদের প্রয়োজন।"

"নিউ ইয়র্ক স্টেটের শেকড়ে সহনশীলতা এবং স্বীকৃতি দেওয়া আছে, যা বহু মিলিয়ন মানুষের স্বপ্ন ও আকাঙ্ক্ষার সুতায় একসাথে বাঁধা থাকে।" **লেফটেন্যান্ট গভর্নর Delgado (ডেলগাডো) বলেন,** "আজকের তহবিলের ঘোষণা, যা হেট ক্রাইমের ঝুঁকিতে থাকা আমাদের কমিউনিটি পার্টনারদের অতি গুরুত্বপূর্ণ রিসোর্স দিবে, হলো সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে ঘৃণা ও ভায়োলেন্স ছাড়া নিজেদের স্বপ্ন পূরণ করার অধিকার থাকে তা নিশ্চিত করার জন্য আরেকটি শক্ত পদক্ষেপ।"

ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেসের (Division of Criminal Justice Services, DCJS) কমিশনার Rossana Rosado (রোসানা রোসাডো) বলেন, "ননপ্রফিট, কমিউনিটিভিত্তিক অর্গানাইজেশনগুলি পুরো স্টেটের কমিউনিটিগুলিতে অতি গুরুত্বপূর্ণ প্রোগ্রাম ও সেবা দিয়ে থাকে। এইসব প্রোগ্রামে কাজ করা কর্মী এবং তারা যাদের সেবা দেয় তাদের নিরাপদে থাকার এবং ঘৃণামুক্ত জীবনের অধিকার আছে। এই প্রোগ্রামকে উল্লেখযোগ্যভাবে বাড়ানোর জন্য এবং আমাদের স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের এবং কমিউনিটি পার্টনারদের সমর্থন করার জন্য DCJS-এর কাছে যাতে প্রয়োজনীয় তহবিল থাকে তা নিশ্চিত করার ব্যাপারে তার অঙ্গীকারের জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের (Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে) বলেন, "নিউ ইয়র্কের ননপ্রফিটগুলি প্রতিদিন তাদের মিশনের ফ্রন্টলাইনে থাকে, নিজেদের কমিউনিটি এবং যাদের প্রয়োজন তাদের সেবা দেয়। নিজেদের সন্ত্রাসী হামলা থেকে নিরাপদ রাখার জন্য এবং নিজেদের নিরাপত্তার ভয় না পেয়ে তাদের কাজ চালিয়ে যাওয়া নিশ্চিত করতে সম্ভাব্য সব রিসোর্স পাওয়া তাদের অধিকার। এই অনুদানগুলি নিরাপত্তা বাড়াতে সাহায্য করবে এবং এইসব অর্গানাইজেশনকে ইমার্জেন্সির জন্য প্রস্তুত থাকতে দিবে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা Charles Schumer (চার্লস শুমার) বলেন, "ফেডারেল Non-Profit Security Grant (NPSG) প্রোগ্রামের পরিমাণ বাড়াতে আমি জোর লড়াই করেছি যাতে

হেট ক্রাইম এবং সন্ত্রাসের ঝুঁকিতে থাকা অর্গানাইজেশনগুলি তাদের সদস্য ও কমিউনিটির জন্য নিরাপত্তা ও সুরক্ষা বাড়াতে পারে। এর ফলে NSGP-এর জন্য সর্বপ্রথম সাপ্লিমেন্টাল তহবিল পাশ করা হয়েছে যা এপ্রিল মাসে National Security Supplemental Act-এ পাশ করা হয়েছে, এটি NSGP-এর জন্য এক বছরে সর্বকালের সর্বোচ্চ পর্যায়ের ফেডারেল তহবিল দিয়েছে। ওয়েস্টার্ন NY (Western NY) থেকে লং আইল্যান্ড (Long Island)পর্যন্ত 44 মিলিয়ন মার্কিন ডলারের বেশি তহবিল বিনিয়োগ করা হয়েছে যা নিশ্চিত করবে যে পুরো স্টেটের 223টি ননপ্রফিট অর্গানাইজেশন নিরাপত্তা জোরদার করতে এবং প্রস্তুতি বাড়াতে পারে। গত বছরের বাজেট বিলে FEMA-এর Nonprofit Security Grant-এর জন্য তহবিল নিশ্চিত করতে আমি লড়াই করেছি, এবং আজকে নিউ ইয়র্কবাসীর জন্যে টি দেওয়া হয়েছে দেখে আমি খুশি। এই ফেডারেল মার্কিন ডলার ভালো কাজে ব্যবহার করার জন্য এবং সকল কমিউনিটিকে নিরাপদ রাখতে নিউ ইয়র্ক স্টেটের কমপ্লিমেন্টারি বিনিয়োগ ব্যবহার করার জন্য আমি গভর্নর Hochul-এর। (হোকল) প্রতি কৃতজ্ঞ।"

স্টেট সিনেটের মেজোরিটির নেতা Andrea Stewart-Cousins (অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স) বলেন, "নিউ ইয়র্ক স্টেটে যাতে ঘৃণার কোনো স্থান না থাকে তা নিশ্চিত করতে সিনেটের মেজোরিটিতে আমরা আমাদের পার্টনারদের সাথে কঠোর পরিশ্রম করেছি। এই বছর, আমরা 'হেট ক্রাইম' হিসেবে গণ্য হওয়া অপরাধের তালিকা বাড়িয়েছি এবং বৈষম্য ও ঘৃণার মোকাবেলা করতে সাহায্য করার জন্য হেট-ক্রাইম ঠেকানোর চেষ্টার জন্য তহবিল বরাদ্দ করেছি, যার মধ্যে আছে Securing Communities Against Hate Crimes Grant প্রোগ্রামকে সমর্থন করতে DCJS-এর জন্য 35 মিলিয়ন মার্কিন ডলার। এসব গুরুত্বপূর্ণ বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি। এটি 336টি কমিউনিটিভিত্তিক অর্গানাইজেশনকে ঘৃণার মোকাবেলা করতে, বৈষম্য ঠেকাতে, এবং নিজেদের সুরক্ষা ও নিরাপত্তা ব্যবস্থা উন্নত করতে সাহায্যে করবে।"

অ্যাসেম্বলির সদস্য Jeffrey Dinowitz (জেফ্রি ডিনোউইজ) বলেন, "হেট ক্রাইম আমাদের কমিউনিটির নিরাপত্তা এবং একতাকে হুমকি দেয়, তাই Securing Communities Against Hate Crimes প্রোগ্রামে এই নজিরবিহীন বিনিয়োগ হলো সকল নিউ ইয়র্কবাসী যাতে নিরাপদ ও সুরক্ষিত বোধ করতে পারে তা নিশ্চিত করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ। এই লেজিস্লেশনটি এমন অর্গানাইজেশনের নিরাপত্তাকে অগ্রাধিকার দেয় যারা নিজেদের আদর্শ বা মিশনের কারণে হামলার ঝুঁকিতে থাকে এবং একটি শক্তিশালী বার্তা দেয় যে আমাদের স্টেটে ঘৃণার কোনো স্থান নেই। এই তহবিলটি কমিউনিটিভিত্তিক অর্গানাইজেশনগুলিকে তাদের নিরাপত্তা ও দৃঢ়তা জোরদার করার ক্ষমতা দিবে, সকল ব্যাকগ্রাউন্ডের মানুষের সমৃদ্ধির জন্য আরো নিরাপদ স্থান তৈরি করে। এই উদ্যোগকে সমর্থন করতে পেরে আমি গর্বিত এবং সকল ধরণের ঘৃণার বিরুদ্ধে দাঁড়ানোর জন্য অঙ্গীকারবদ্ধ থাকছি।"

Securing Communities Against Hate Crimes Grants পরিচালনা করা স্টেটের ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস পুরো স্টেটের 336টি অর্গানাইজেশনকে মোট 63,898,817 মার্কিন ডলারের প্রোজেক্টের জন্য তহবিল দিয়েছে। অনুদানের সফল আবেদনকারীদেরকে DCJS আজকে মনে করিয়ে দিচ্ছে যে তাদের অ্যাওয়ার্ড আজ থেকে শুরু হবে; এজেন্সি অর্গানাইজেশনের নাম প্রকাশ করবে না কারণ এর ফলে নিরাপত্তা ঝুঁকি তৈরি হতে পারে।

অঞ্চল অনুযায়ী Securing Communities Against Hate Crimes Grants-এর তহবিল:

- নিউ ইয়র্ক সিটি: 178টি অর্গানাইজেশনকে 34,604,077 মার্কিন ডলার
- মিড-হাডসন (Mid-Hudson): 87টি অর্গানাইজেশনকে 16,568,449 মার্কিন ডলার
- লং আইল্যান্ড: 41টি অর্গানাইজেশনকে 7,588,979 মার্কিন ডলার
- ক্যাপিটাল রিজিয়ন (Capital Region): 10টি অর্গানাইজেশনকে 1,818,951 মার্কিন ডলার
- ওয়েস্টার্ন নিউ ইয়র্ক: নয়টি অর্গানাইজেশনকে 1,505,631 মার্কিন ডলার
- ফিঙ্গার লেকস (Finger Lakes): চারটি অর্গানাইজেশনকে 688,970.61 মার্কিন ডলার
- সাউদার্ন টিয়ার (Southern Tier): তিনটি অর্গানাইজেশনকে 599,500 মার্কিন ডলার
- মোহক ভ্যালি (Mohawk Valley): দুইটি অর্গানাইজেশনকে 397,836 মার্কিন ডলার
- সেন্ট্রাল নিউ ইয়র্ক (Central New York): দুইটি অর্গানাইজেশনকে 126,424 মার্কিন ডলার

পুরো দেশে, ফিস্ক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2024-এ ফেডারেল Nonprofit Security Grant প্রোগ্রামের মাধ্যমে মোট 454.5 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হচ্ছে। Urban Area Security Initiative (UASI) নির্ধারিত উচ্চ-ঝুঁকির আর্বান এলাকাগুলির একটির মধ্যে অবস্থিত ননপ্রফিট অর্গানাইজেশনকে এই পরিমাণের মধ্যে 227.25 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হয়েছে। অবশিষ্ট 227.25 মিলিয়ন মার্কিন ডলার UASI নির্ধারিত এলাকার বাইরে অবস্থিত জুরিসডিকশনের জন্য সংরক্ষিত রাখা হয়েছে।

যেসব ব্যয়ের জন্য অনুমতি আছে তার মধ্যে আছে পরিকল্পনা যেমন নিরাপত্তা ঝুঁকি ম্যানেজমেন্ট, অপারেশনের ধারাবাহিকতা, এবং সাড়াদানের পরিকল্পনা; সরঞ্জাম, যেমন বাস্তব নিরাপত্তা বৃদ্ধি এবং ইন্সপেকশন/স্ক্রিনিং সিস্টেমের সরঞ্জাম; অ্যাক্টিভ শ্যুটার ট্রেনিং এবং কর্মচারী বা সমাবেশের সদস্যদের জন্য নিরাপত্তার ট্রেনিং; সাড়াদানের অনুশীলন, এবং চুক্তি পাওয়া নিরাপত্তা কর্মী।

নিউ ইয়র্কে, স্টেটের UASI নির্ধারিত উচ্চ-ঝুঁকির আর্বান এলাকা হলো নিউ ইয়র্ক সিটি মেট্রো এলাকা। বিশেষ করে, এতে আছে নিউ ইয়র্ক সিটি, এবং সেই সাথে ওয়েস্টচেস্টার (Westchester), নাসাউ (Nassau) এবং সাফোক (Suffolk) কাউন্টি।

ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস সম্পর্কে

ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস হলো একটি মাল্টি-ফাংশন ক্রিমিনাল জাস্টিস সাপোর্ট এজেন্সি যাদের অনেক ধরণের দায়িত্ব আছে, যেমন আইন শৃঙ্খলা রক্ষার ট্রেনিং; পুরো স্টেটের অপরাধের ডেটা সংগ্রহ ও বিশ্লেষণ করা; অপরাধীর ইতিহাসের তথ্য ও আঙ্গুলের ছাপের ফাইল রক্ষণাবেক্ষণ করা; নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সাথে পার্টনারশিপে স্টেটের DNA ডেটাব্যাংকের অ্যাডমিনিস্ট্রেটিভ ওভারসাইট; প্রোবেশন এবং কমিউনিটি কারেকশন প্রোগ্রামের জন্য তহবিল ও ওভারসাইট; ফেডারেল এবং স্টেটের ক্রিমিনাল জাস্টিস তহবিল পরিচালনা; পুরো স্টেটের ক্রিমিনাল জাস্টিস সম্পর্কিত এজেন্সিগুলিকে সমর্থন করা; এবং স্টেটের সেক্স অফেন্ডার রেজিস্ট্রি (Sex Offender Registry) পরিচালনা করা।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অভ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস দুর্যোগ ও অন্যান্য ইমার্জেন্সির প্রতিরোধ করতে, এর থেকে সুরক্ষা দিতে, এর জন্য প্রস্তুত হতে, সাড়াদান, পুনরুদ্ধার ও প্রশমনের জন্য নেতৃত্ব, কোঅর্ডিনেশন, এবং সমর্থন দেয়। আরো তথ্যের জন্য DCJS-কে Instagram, Facebook, LinkedIn, এবং X/Twitter-এ ফলো করুন বা dhses.ny.gov ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন